



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd

স্মারক নং- বিঅ-৬/৬৫৪১/৭৫৪

তারিখ : ০৩-০৭-২০২৩

বিষয় : কারণ দর্শানো জবাব প্রদান প্রসঙ্গে।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল এর ২৩-০৫-২০২৩ খ্রি. তারিখের ০৫.৪৪.৬৫৭৬.০০১.০৫.০০৭.২৩-৪৮৮ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নড়াইল জেলার সদর উপজেলাধীন হিজলডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদিত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে জনাব সুজন গাইন গং অভিযোগ করলে উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল-কে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করে পত্র দেয়া হয়। তদন্ত প্রতিবেদন দাখিল হয়েছে। তদন্ত প্রতিবেদনে তদন্ত কর্মকর্তা পর্যালোচনায় উল্লেখ করেছেন যে, " চলমান ম্যানেজিং কমিটির ০৪ (চার) জন অভিভাবক সদস্যের মধ্যে ০২(দুই)টি পদে অন্য কোন শ্রেণির শিক্ষার্থীর অভিভাবক মনোনয়ন সংগ্রহ না করায় বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ সুধীজন ও অধ্যয়নরত শিক্ষার্থীর অভিভাবকবৃন্দের সুপারিশের প্রেক্ষিতে উক্ত ০২(দুই)টি পদে ১০ম শ্রেণির শিক্ষার্থীর অভিভাবককে অভিভাবক সদস্য পদে দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করেছেন। "। যাহা প্রবিধান-২০০৯ এর ৭(ঘ ও ঙ) ধারার পরিপন্থী।। এমতাবস্থায়, প্রবিধান-২০০৯ এর ৭ (ঘ ও ঙ) ধারার লংঘিত হওয়ায় প্রবিধান-২০০৯ এর ৩৮ ধারা অনুযায়ী কেন উক্ত ০২ (দুই) জন অভিভাবক সদস্যের পদ বাতিল করা হবে না তার জবাব নিম্নস্বাক্ষরকারীর নিকট ১০(দশ) দিনের মধ্যে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষর:

প্রধান শিক্ষক ও সদস্য সচিব, ম্যানেজিং কমিটি  
হিজলডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয় ( ১১৮৫০০ )  
মুলিয়া, নড়াইল সদর  
নড়াইল।

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক


যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর  
ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

স্মারক নং- বিঅ-৬/৬৫৪১/৭৫৪

তারিখ : ০৩-০৭-২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

- ১। জেলা প্রশাসক, নড়াইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল।
- ৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, খুলনা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, নড়াইল।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল।
- ৬। সভাপতি, ম্যানেজিং কমিটি, হিজলডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়, মুলিয়া, নড়াইল সদর, নড়াইল।
- ৭। সংরক্ষণ নথি।



বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর

